

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫০৯

১/ বিবিধ

আরবী

عليكم بالهندباء، فإنه ما من يوم إلا وهو يقطر عليه قطرة من قطر الجنة  
موضوع

أبو نعيم في " الطب " : حدثنا أبي: حدثنا محمد بن أبي يحيى: حدثنا صالح بن سهل:  
حدثنا موسى بن معاذ: حدثنا عمر بن يحيى بن أبي سلمة قال: حدثتني أم كلثوم بنت  
أبي سلمة عن ابن عباس مرفوعا. قلت: وهذا إسناد ضعيف جدا، موسى بن معاذ  
وعمر بن يحيى ضعفهما الدارقطني، وعمر بن يحيى أظنه الذي في إسناد الحديث  
الآتي بعد هذا بحديث وقد قال فيه أبو نعيم إنه " متروك الحديث " كما يأتي. ومن  
دونهما لم أعرفهما. ولهذا قال السيوطي في " اللآلي " : " وهذا الإسناد كله تالف ".  
وذكره أيضا من حديث أنس وقال: إسناده كالذي قبله  
قلت: ومع هذا فقد زهل السيوطي أو تساهل فأورد حديث ابن عباس هذا في " الجامع  
الصغير " من رواية أبي نعيم، وقال المناوي في شرحه  
" وفيه عمرو بن أبي سلمة ضعفه ابن معين وغيره "  
قلت: وهذا وهم منه رحمه الله فليس في إسناد الحديث عمرو هذا، والظاهر أنه  
تصحف عليه أو على بعض النساخ اسم عمر بن يحيى  
بن أبي سلمة بعمرو بن أبي سلمة هذا. والله أعلم. والحديث أورده ابن الجوزي في "  
الموضوعات " ( 2 / 298 ) من حديث الحسين رضي الله عنه نحوه  
ورواه السهمي في " تاريخ جرجان " ( ص 64 ) عن الحسين بن علوان عن أبان بن أبي

عياش عن أنس مرفوعا. وأبان متروك متهم بالكذب. وابن علوان كذاب وضاع. وجزم بوضعه ابن القيم كما نقله عنه الشيخ علي القاريء في " موضوعاته " (ص 107 ، 126) وأقره

বাংলা

৫০৯। কাঁচগুলোকে গ্রহণ কর, কারণ এমন কোন দিন নেই যে তার উপর জান্নাতের পানির ফেঁটা পড়ছে না।

হাদীছটি জাল।

এটি আবু নোয়াইম “আত-তিব্ব” গ্রন্থে তার পিতা হতে তিনি মুহাম্মাদ ইবনু আবী ইয়াহইয়া হতে তিনি সালেহ ইবনু সাহাল হতে তিনি মুসা ইবনু মুয়ায হতে তিনি উমার ইবনু ইয়াহইয়া হতে তিনি উম্মু কুলসুম বিনতু আবী সালামা হতে তিনি ইবনু আব্বাস (রাঃ) হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। মুসা এবং উমার উভয়কেই দারাকুতনী দুর্বল আখ্যা দিয়েছেন। এই উমার আমার ধারণা তিনি একটি হাদীছের পরের হাদীছের সনদেও আছেন। তার সম্পর্কে আবু নোয়াইম বলেছেনঃ তিনি মাতরুকুল হাদীছ, যেমনটি সেখানে আসবে।

আর তাদের নীচের দু’জনকে আমি চিনি না। একারণেই সুযুতী “আল-লাআলী” গ্রন্থে বলেছেনঃ পুরো সনদটিই ধ্বংসপ্রাপ্ত।

তিনি এটিকে আনাস (রাঃ)-এর হাদীছ হতেও উল্লেখ করে বলেছেনঃ সনদটি পূর্বেরটির ন্যায়।

আমি (আলবানী) বলছিঃ তা সত্ত্বেও সুযুতী ভুলে গিয়ে অথবা শিথিলতা করে ইবনু আব্বাস (রাঃ)-এর হাদীছটি “আল-জামেউল সাগীর” গ্রন্থে আবু নোয়াইমের বর্ণনা হতে উল্লেখ করেছেন। তার ভাষ্যকার মানবী বলেছেনঃ তার সনদে আমর ইবনু আবী সালামা রয়েছেন তাকে ইবনু মাদ্বীন ও অন্য বিদ্বানগণ দুর্বল আখ্যা দিয়েছেন।

আমি (আলবানী) বলছিঃ এটি তার ধারণা মাত্র, এ সনদে আমর নেই। হাদীছটিকে ইবনুল জাওয়ী “আল-মাওয়ুআত” (২/২৯৮) গ্রন্থে হুসাইন (রাঃ) এর হাদীছ হতে উল্লেখ করেছেন। আর সাহমী “তরীখু জুরজান” (পৃঃ ৬৪) গ্রন্থে হুসাইন ইবনু উলওয়ান সূত্রে আবান ইবনু আবী আইয়াশ হতে তিনি আনাস (রাঃ) হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন। এই আবান মাতরুক, মিথ্যার দোষে দোষী। আর ইবনু উলওয়ান মিথ্যুক ও জালকারী।

ইবনুল কাইয়িম দৃঢ়তার সাথে বলেছেন হাদীছটি বানোয়াট। যেমনটি তার থেকে শাইখ আলী আল-কারী তার “মাওয়ুআত” (পৃঃ ১০৭, ১২৬) গ্রন্থে উল্লেখ করেছেন এবং তা স্বীকার করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71388>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন